১৪২ ২৬/২/১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যোগাযোগ মন্ত্রণালয়
সড়ক বিভাগ
তদন্ত ও শৃঙ্খলা অধিশাখা

নং- ৩৫.০০.০০০০.০২৮.২৭.০১২.১২-২৪

তারিখ ঃ ১৩ ফেব্রুয়ারি,২০১৪
০১ ফাল্গুন, ১৪২০

# প্রজ্ঞাপন

জনাব মোঃ মাহবুব আলম, সহকারী প্রকৌশলী(সিভিল), (পরিচিতি নম্বর-০০৫০৭৩), সড়ক ও জনপথ অধিদপ্তর, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে ০৪-০৫-২০০২ তারিখের ১৮৫ সংখ্যক প্রজ্ঞাপনমূলে যুক্তরাষ্ট্রে Computer Programming & Information Technology এর উপর উচ্চতর শিক্ষা গ্রহণের জন্য ছুটি ভোগের তারিখ হতে ১৮ (আঠার) মাসের শিক্ষা ছুটি শর্ত সাপেক্ষে মঞ্জুর করা হয়। গত ০৫-০৬-২০০৩ তারিখের ২২১ সংখ্যক প্রজ্ঞাপনমূলে কানাডার Concordia University- তে সিভিল ইঞ্জিনিয়ারিং এ মাস্টার্স কোর্স করার জন্য তাঁর অনুকূলে ১৮ (আঠার) মাসের ছুটির সাথে আরো অতিরিক্ত ১৯ (উনিশ) মাস অর্থাৎ (১৮+১৯)= ৩৭ মাসের মধ্যে ২৮ মাস অর্ধগড় বেতনে এবং পরের ৯ মাস বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হয়। পরবর্তীতে মঞ্জুরীকৃত ৩৭ মাসের ছুটির সাথে আরো অতিরিক্ত ২৩ মাস বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হয়;

যেহেতু জনাব মোঃ মাহবুব আলম তিন দফায় মঞ্জুরীকৃত ৫(পাঁচ) বছর শিক্ষা ছুটি শেষে ০৩-০৫-২০০৭ তারিখ অপরাহ্নে কর্মস্থলে যোগদান করেন। পরবর্তীতে ২৪-০৬-২০০৭ তারিখ ৫ (পাঁচ) বছরের লিয়েন মঞ্জুরীর জন্য প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তরের মাধ্যমে এ বিভাগে আবেদন করলে বিগত ০৮-০৮-২০০৭ তারিখের আরএইচই/৮পি-৫৬/২০০১-৪৩৯ সংখ্যক স্মারকমূলে তাঁর লিয়েন মঞ্জুরীর আবেদন বিবেচনা করা যাচ্ছে না মর্মে তাঁকে অবহিত করা হয়। অতঃপর তাঁর ০৪-০২-২০০৮ তারিখের লিয়েন আবেদনটি পুনঃ বিবেচনার জন্য সুপারিশ সহকারে প্রধান প্রকৌশলী ০৩-০৩-২০০৮ তারিখে ৩৪১-ই সংখ্যক স্মারকের মাধ্যমে এ বিভাগে প্রেরণ করলে বিগত ১৬-০৪-২০০৮ তারিখের ৩০৫ সংখ্যক স্মারকে লিয়েন পুনঃ বিবেচনার আবেদনটি বিবেচনা করা যাচ্ছে না মর্মে তাঁকে পুনরায় অবহিত করা হয়;

যেহেতু জনাব মোঃ মাহবুব আলম লিয়েন আবেদন না মঞ্জুর হওয়ার বিষয় জেনেও গত ১৬-০৪-২০০৮ তারিখ হতে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। এ প্রেক্ষাপটে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ২ (ডি) ও (এফ) মোতাবেক যথাক্রমে ডিজারশন ও অসদাচরণ এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়। রুজুকৃত বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগবিবরণী তাঁর নিকট প্রেরণ করা হলে তা প্রাপ্তি স্বীকার না হয়ে ফেরত আসে। সে প্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২)(সি) মোতাবেক বিভাগীয় মামলার ধারাবাহিকতায় এ বিভাগের উপসচিব জনাব মোঃ আব্দুল হামিদ (বর্তমানে যুগ্মসচিব)-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্ত কর্মকর্তা গত ২৯-০৪-২০১৩ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদনে জনাব মোঃ মাহবুব আলম, সহকারী প্রকৌশলী(সিভিল), (পরিচিতি নম্বর-০০৫০৭৩) এর বিরুদ্ধে আনীত ডিজারশন এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪ (৩) (ডি) মোতাবেক চাকুরী থেকে বরখাস্তকরণ (dismissal from service) গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং তাঁর বিরুদ্ধে কেন উক্ত গুরুদণ্ড আরোপ করা হবে না, সে মর্মে তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭ (৬) মোতাবেক ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রেরণ করা হয়;

যেহেতু দ্বিতীয় কারণ দর্শানো নোটিশও প্রাপ্তি স্বীকার না হয়ে ফেরত আসে। তদপ্রেক্ষিতে তাঁকে চাকুরী থেকে বরখাস্ত করার সিদ্ধান্ত বহাল রেখে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪ (৩) (ডি) মোতাবেক চাকুরী থেকে বরখাস্ত (dismissal from service) গুরুদণ্ড আরোপের বিষয়ে Bangladesh Public Service Commission (Consultation) Regulations, 1979 এর ৬ নম্বর রেগুলেশনের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারি কর্মকমিশনের অভিমত চাওয়া হয়। বাংলাদেশ সরকারি কর্ম কমিশন জনাব মোঃ মাহবুব আলম, সহকারী প্রকৌশলী(সিভিল), (পরিচিতি নম্বর-০০৫০৭৩), কে চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) গুরুদণ্ড আরোপের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে;

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

যেহেতু এ প্রেক্ষিতে জনাব মোঃ মাহবুব আলম, সহকারী প্রকৌশলী(সিভিল), (পরিচিতি নম্বর-০০৫০৭৩), সড়ক ও জনপথ অধিদপ্তর, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫-এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করার বিষয়টি মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

সেহেতু এক্ষণে জনাব মোঃ মাহবুব আলম, সহকারী প্রকৌশলী(সিভিল), (পরিচিতি নম্বর-০০৫০৭৩), সড়ক ও জনপথ অধিদপ্তর, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক গত ১৬-০৪-২০০৮ তারিখ হতে চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করার গুরুদণ্ডে দণ্ডিত করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১৩.০২.২০১৪

(এম, এ, এন, ছিদ্দিক)
সচিব

নং- ৩৫.০০.০০০০.০২৮.২৭.০১২.১২-২৪

তারিখ ঃ ১৩ফেব্রুয়ারি,২০১৪ / ০১ ফাল্গুন, ১৪২০

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ**

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
০৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪। সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
০৫। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, তেজগাঁও, ঢাকা
০৬। অতিরিক্ত সচিব, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৭। অতিরিক্ত সচিব(প্রশাসন), সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৮। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা। **সংশ্লিষ্ট কর্মকর্তার পিডিএস-এ বিষয়টি অন্তর্ভূক্ত করার জন্য অনুরোধ করা হল।**
০৯। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, যোগাযোগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০। যুগ্ম-সচিব (আইসিটি ইউনিট প্রধান), সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়। **প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল।**
১১। যুগ্মসচিব (সজস গেজেটেড ও ঢাকা বিআরটি), সড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। **ব্যক্তিগত নথিতে সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হল।**
১২। উপপরিচালক, বাংলাদেশ ফরম্‌স ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা। **পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।**
১৩। সচিবের একান্ত সচিব, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, যোগাযোগ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা
১৫। জনাব মোঃ মাহবুব আলম, সহকারী প্রকৌশলী (সিভিল), (পরিচিতি নম্বর-০০৫০৭৩), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, সড়ক ও জনপথ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (চাকুরী হতে বরখাস্ত)।

১৬.০২.১৪

(রওশন আরা বেগম)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৭৫৫১৯।